রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম রেশমী পোশাক পরিধান করতে নিষেধ করেছেন; তবে দুই, তিন কিংবা চার অঙ্গুলি পরিমাণ ছাড়া।

উমার ইবনুল খাত্তাব রাদিয়াল্লাহু ‘আনহু থেকে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম রেশমী পোশাক পরিধান করতে নিষেধ করেছেন, তবে এতটুকুই ছাড়া। (বর্ণনাকারী বলেন) রাসূলুল্লাহ সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম আমাদের সামনে তাঁর মধ্যমা ও শাহাদাত অঙ্গুলি উঠান। মুসলিমের বর্ণনায় এসেছে, “রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম রেশমী পোশাক পরিধান করতে নিষেধ করেছেন, তবে দুই,
তিন কিংবা চার অঙ্গুলি পরিমাণ।”
[সহীহ] [মুত্তাফাকুন ‘আলাইহি (বুখারী ও মুসলিম)।]

নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম পুরুষকে রেশমী পোশাক পরিধান করতে নিষেধ করেছেন। তবে যেটুকু তিনি বাদ দিয়েছেন। মুত্তাফাকুন আলাইহি হাদীসে বাদ দেওয়ার পরিমাণ দুই আঙ্গুল পরিমাণ। সহীহ মুসলিমের বর্ণনায় তিন কিংবা চার অঙ্গুলি পরিমাণ। সুতরাং সর্বাধিক পরিমাণ গ্রহণ করা হবে, তাই চার আঙ্গুল পরিমাণ রেশমী কাপড় পরিধান করলে কোনো দোষ নেই। দেখুন তা’সীসুল আহকাম।

http://www.sunnah.global/hadeeth/bn/show/3002